

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সাধারণ শাখা
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৬.৫৮০০.০০০.০০৫.০৩.০০০১.২৫.২৫১

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের ২৭ আগস্ট ২০২৬ তারিখের ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫.৯১ সংখ্যক পরিপত্র মোতাবেক রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে মৌলভীবাজার জেলার সার ডিলার নিয়োগের জন্য জেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় বিদ্যমান সার ডিলারের পাশাপাশি একজন করে অতিরিক্ত সার ডিলার নিয়োগ করা হবে। সার ডিলারের যোগ্যতা, অযোগ্যতা ও অন্যান্য নিয়মাবলী ৩০ আগস্ট ২০২৬ তারিখে প্রকাশিত ০৫.৪৬.৫৮০০.০০০.০০৫.০৩.০০০১.২০২৫.২৪৫ নং স্মারকের বিজ্ঞপ্তির অনুরূপ হবে এবং ইহা উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় কার্যকর থাকবে। আবেদনের শেষ তারিখ ১০.০৯.২০২৬ তারিখ বিকাল ৫:০০ ঘটিকা। আবেদনপত্র কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার এবং উক্ত কার্যালয়ের ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০৭.০৯.২০২৬

তৌহিদুজ্জামান পাভেল
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মৌলভীবাজার